# আকাশবাণীশিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**06 AUGUST 2025** **7:45—7:55 PM IST**

==================================================

১) মুখ্যমন্ত্রীর নিযুত মইনা প্রকল্পকে বাল্য বিবাহের বিরুদ্ধে প্রতিবাদ বলে ডক্টর হিমন্তবিশ্ব শর্মার মন্তব্য ।

২) বরাক উপত্যকার তিন জেলার শিক্ষা প্রতিষ্ঠানগুলিতেও আজ এই প্রকল্পের অধীনে ছাত্রীদের মধ্যে আবেদন পত্র বিতরণ ।

৩) বাল্য বিবাহ এবং সাইবার অপরাধ রোধ সহ বেশ কয়েকটি বিষয় নিয়ে আসাম পুলিশের উচ্চপদস্থ আধিকারিকদের সঙ্গে জাতীয় মহিলা কমিশনের গুরুত্বপূর্ণ বৈঠক ।

৪) নবগঠিত কাছাড় জেলা পরিষদের সভাপতি ও উপ-সভাপতি পদে যথাক্রমে কঞ্চন নারায়ন শিকিদার এবং দেবজ্যোতি বাউরী নির্বাচিত ।

এবং

৫) হাইলাকান্দি জেলার বাশডহর-বড় হাইলাকান্দি গ্রাম পঞ্চায়েতে ১৩ লক্ষ টাকার আর্থিক অনিয়মের অভিযোগে আজ ওই গ্রাম পঞ্চায়েতের সচিব কুলমনি সিং গ্রেপ্তার ।

---------------------------------------------------------------------------------

বাল্য বিবাহের মতো সামাজিক ব্যাধি নির্মূল করার লক্ষ্যে আজ রাজ্যজুড়ে মুখ্যমন্ত্রীর নিযুত মইনা প্রকল্পের দ্বিতীয় সংস্করণ আরম্ভ করা হয়েছে । গৌহাটি বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত কেন্দ্রীয় স্তরের উদ্বোধনী অনুষ্ঠানে আজ মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা এই সংক্রান্ত আবেদন পত্র বিতরণ কার্যসূচীর সূচনা করেছেন । মুখ্যমন্ত্রী ডঃ শর্মা বলেছেন যে- বাল্য বিবাহের বিরুদ্ধে চলা অভিযানের অংশ হিসেবে নিযুত মইনা প্রকল্পের দ্বিতীয় পর্যায় আরম্ভ করা হয়েছে । ২০২৬ সালের মধ্যে রাজ্যে বাল্য বিবাহ সম্পূর্ণরূপে নির্মূল করতে সরকার দৃঢ়সংকল্প বলেও তিনি মন্তব্য করেছেন । এবার এই

প্রকল্পে রাজ্যের চার লক্ষেরও বেশি ছাত্রীকে অর্ন্তভুক্ত করা হবে বলে তিনি প্রকাশ করেন । আজকের এই কেন্দ্রীয় কার্যসূচীতে রাজ্যের শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগু, গৌহাটি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডঃ ননীগোপাল মহন্ত উপস্থিত ছিলেন ।

এদিকে রাজ্যের অন্যান্য স্থানে মন্ত্রী, বিধায়করা এই কার্যসূচীর উদ্বোধন করেছেন । ডিব্রুগড়ে কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল, গোলাঘাট জেলার বোকাখাটে মন্ত্রী অতুল বরা, মরিগাঁওয়ে মন্ত্রী পীযূষ হাজারিকা প্রমুখ নিযুত মইনা প্রকল্পের দ্বিতীয় পর্যায়ের আবেদন পত্র বিতরণ কার্যসূচীতে অংশ নেন । উল্লেখ্য- মাধ্যমিক শিক্ষার জন্য সাত, আট এবং নয়ই আগস্ট আবেদন পত্র বিতরণ করা হবে । এই প্রকল্পের আওতায় উচ্চতর মাধ্যমিক পর্যায়ের ছাত্রীরা মাসিক এক হাজার টাকা, স্নাতক এবং সংহত শিক্ষক শিক্ষা কার্যসূচীর পাঠ্যক্রমের ছাত্রীরা মাসিক এক হাজার ২৫০ টাকা এবং স্নাতকোত্তর ও বি-এড এর ছাত্রীরা মাসে দুহাজার পাঁচশো টাকা করে লাভ করবে । ছাত্রীরা বন্ধের সময় বাদ দিয়ে বছরে সর্বাধিক দশ মাসের জন্য এই সুবিধা লাভ করবে। এই প্রকল্পের অধীনে ২০২৪-২৫ বর্ষে এক লক্ষ ৬০ হাজার ছাত্রীকে ১৩৩ কোটি টাকা বিতরণ করা হয়েছিল । উচ্চশিক্ষায় ভর্তির হার বৃদ্ধি করা, বাল্য বিবাহ ও কৈশোরকালীন মাতৃত্ব রোধ, শিশুর শিক্ষা, স্বাস্থ্য এবং সুরক্ষার অধিকার নিশ্চিতকরণের লক্ষ্যে রাজ্য সরকার এই উচ্চাকাঙ্খামূলক প্রকল্প গ্রহণ করেছে ।

---

বরাক উপত্যকার তিন জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানেও আজ নিযুত মইনা প্রকল্পের দ্বিতীয় পর্যায়ের আবেদন পত্র বিতরণ করা হয় । এই উপলক্ষে আজ রাজ্যের অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের সঙ্গে কাছাড় জেলায় আসাম বিশ্ববিদ্যালয় সহ বিভিন্ন মহাবিদ্যালয় এবং হায়ার সেকেন্ডারী স্কুলগুলিতেও প্রথমে মুখ্যমন্ত্রীর আবেদন পত্র বিতরণ কার্যসূচি ভার্চুয়াল পদ্ধতির মাধ্যমে সম্প্রচার করা হয় এবং পরে ওইসব শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রীদের মধ্যে সরাসরি আবেদন পত্র বিতরণ কার্যসূচি অনুষ্ঠিত হয় ।

এই উপলক্ষে আজ আসাম বিশ্ববিদ্যালয়ে আয়োজিত নিযুত মইনা কার্যসূচির আবেদন পত্র বিতরণ অনুষ্ঠানে উপাচার্য রাজীব মোহণ পন্থ এবং কাছাড়ের আয়ুক্ত শ্রী মৃদুল যাদব উপস্থিত ছিলেন । রাজ্যের মন্ত্রী কৌশিক রাই পয়লাপুল নেহেরু কলেজে আয়োজিত অনুষ্ঠানে ছাত্রীদের মধ্যে নিযুত মইনা প্রকল্পের আবেদন পত্র বিতরণ করেন । শিলচরের রাধামাধব কলেজে আজ শিলচরের সাংসদ প্রতিনিধি আইনজীবি অমরেন্দ্র পাল , কাছাড় জেলা স্কুল সমূহের উপ-পরিদর্শক ইকবাল হোসেন বড়ভূইয়া এবং কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ডক্টর অরুন্ধুতী দত্তচৌধুরী কলেজের স্নাতক স্তরের ছাত্রীদের হাতে নিযুত মইনা প্রকল্পের আবেদনপত্র তুলে দেন । উল্লেখ্য যে কাছাড় জেলার

উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় , মহাবিদ্যালয় এবং বিশ্ববিদ্যালয়ের মোট ৬৬টি শিক্ষা প্রতিষ্ঠানে আজ নিযুত মইনার দ্বিতীয় পর্যায়ের আবেদন পত্র বিতরণ করা হয় । ফলে জেলার ৫১টি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের ৬ হাজার ৮শো ৮ জন , ৪টি সিনিয়র সেকেন্ডারী স্কুলের ১ হাজার ১শো ৫৯ জন , ২টি ভেঞ্চার স্কুলের ১শো ৯১ জন , ৮টি কলেজের ৩ হাজার ৪শো ৭২ জন এবং আসাম বিশ্ববিদ্যালয়ের প্রায় ১ হাজার ২শো ছাত্রী সহ প্রায় ১২ হাজার ৮শো ৩০ জন ছাত্রীর মধ্যে এই প্রকল্পের আবেদনপত্র সরাসরি বিতরণ করা হয় ।

শ্রীভুমি জেলায়ও আজ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রীদের মধ্যে মুখ্যমন্ত্রীর নিযুত মইনার দ্বিতীয় পর্যায়ের আবেদন পত্র বিতরণ করা হয় । এই উপলক্ষে রাজ্যের পূর্ত , মৎস এবং পশু চিকিৎসা বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল পাথারকান্দি বিধান সভার অধীন সোনাক্ষিরার স্বামী বিবেকানন্দ কলেজে আয়োজিত এক অনুষ্ঠানে ওই কলেজের ছাত্রীদের মধ্যে নিযুত মইনা প্রকল্পের আবেদনপত্র বিতরণ করেন ।

---

হাইলাকান্দি জেলায়ও আজ থেকে মুখ্যমন্ত্রী নিযুত ময়না প্রকল্পের আবেদন পত্র বিতরন শুরু হয়েছে । এ উপলক্ষে হাইলাকান্দি এস এস কলেজে আয়োজিত জেলা পর্যায়ের কেন্দ্রীয় অনুষ্ঠানে জেলা আয়ুক্ত অভিষেক জৈন , বিধায়ক জাকির হোসেন , পুরপতি মানব চক্রবর্তী প্রমুখ উপস্থিত ছিলেন । জেলার অন্যান্য প্রতিষ্ঠানে আগামীকাল থেকে প্র-পত্র বিতরন শুরু হবে ।

---

দুদিনের সফরসূচি নিয়ে আসামে উপস্থিত হওয়া জাতীয় মহিলা কমিশনের একটি দল আজ রাজ্যের মুখ্য সচিব এবং আসাম পুলিশের উচ্চপদস্থ আধিকারিকদের সঙ্গে মহিলাদের সুরক্ষাজনিত বিষয় সম্পর্কে আলোচনা করেন । কমিশনের অধ্যক্ষ বিজয়া কিশোর রাহাতকারের নেতৃত্বে দলটি আজ রাজ্যের মুখ্য সচিব রবি কোটার সঙ্গে পৃথক একটি বৈঠকে মিলিত হয়ে রাজ্য সরকারের মহিলাদের সুরক্ষা এবং উন্নয়নের জন্য গ্রহণ করা পদক্ষেপ সমূহের খোঁজখবর নেয় । এর পর আসাম পুলিশের পরিদর্শকের কার্যালয়েও প্রতিনিধি দলটি এক বৈঠকে মিলিত হয় । প্রতিনিধি দলটি একটি ডিজিট্যালি সুরক্ষিত এবং কৃত্রিম বুদ্ধিমত্তার ক্ষেত্রে সচেতন সমাজ গড়ে তোলার জন্য শুরু করা যোশদা এ আই শীর্ষক পদক্ষেপের অধীনে সেখানে একটি কর্মশালারও আয়োজন করে । এই কর্মশালায় জনসাধারণের সুরক্ষা এবং ডিজিট্যাল অপরাধ রোধে কিভাবে কৃত্রিম বুদ্ধিমত্তা প্রয়োগ করা সম্ভব সেই বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা করেন । প্রতিনিধি দলটি আসাম পুলিশের উচ্চপদস্থ আধিকারকদের সঙ্গে রাজ্যের বাল্য

বিবাহ এবং সাইবার অপরাধ রোধ সহ বেশ কয়েকটি বিষয় নিয়েও আলোচনা করে । এর পর কমিশনের অধ্যক্ষ বিজয়া কিশোর রাহাতকার সাংবাদিকদের বলেন ---

( বাইট )

---

নবগঠিত কাছাড় জেলা পরিষদের সভাপতি ও উপ-সভাপতি পদে যথাক্রমে কঙ্কন নারায়ণ শিকিদার এবং দেবজ্যোতি বাউরী নির্বাচিত হয়েছেন । আজ শিলচরে কাছাড় জেলা প্রশাসন এবং কাছাড় জেলা পরিষদের যৌথ তত্ত্বাবধানে এই জেলা পরিষদের নবনির্বাচিত সদস্যদের প্রথম আনুষ্ঠানিক বৈঠক অনুষ্ঠিত হয়েছে । জেলা পরিষদের মুখ্য কার্যবাহী আধিকারিক প্রণব কুমার বরা ও কাছাড়ের জেলা আয়ুক্ত মৃদুল যাদবের তত্ত্বাবধানে এই সভাপতি ও উপ-সভাপতি নির্বাচন প্রক্রিয়া অনুষ্ঠিত হয় । সংখ্যাগরিষ্ঠতার ভিত্তিতে ভারতীয় জনতা পার্টি কাছাড় জেলা পরিষদ গঠন করে । ডলু-বড়খলা জেলা পরিষদের নির্বাচিত সদস্য বিজেপি'র কঙ্কন নারায়ণ শিকিদার সভাপতি এবং পালইরবন্দ-দেওয়ান জেলা পরিষদের নির্বাচিত সদস্য বিজেপি'র দেবজ্যোতি বাউরী উপ-সভাপতি পদে গোপন ব্যালটের মাধ্যমে নির্বাচিত হয়েছেন । ২৫জন নির্বাচিত জেলা পরিষদ সদস্য এই নির্বাচনী প্রক্রিয়ায় অংশগ্রহণ করেছেন । এতে বিজেপির শ্রী শিকিদার পেয়েছেন ১৭টি ভোট । এবং কংগ্রেসের ত্রয়োবাসী দাস পেয়েছেন আটটি ভোট । এদিকে উপ-সভাপতি পদে বিজেপির শ্রী বাউরী পেয়েছেন- ১৭টি ভোট । এবং কংগ্রেসের নূর ইসলাম বড়ভুইয়া পেয়েছেন আটটি ভোট । এই অনুষ্ঠানে কাছাড় জেলার সাতটি বিধানসভা কেন্দ্রের বিধায়কগণ সহ রাজ্যের খাদ্য, গণবন্টন, গ্রাহক সুরক্ষা, খনি-খনিজ এবং বরাক উপত্যকা উন্নয়ন দপ্তরের মন্ত্রী কৌশিক রাই মুখ্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। মন্ত্রী শ্রী রাই তাঁর বক্তব্যে বলেন-

#বাইট#

---

হাইলাকান্দি জেলার বাশডহর-বড় হাইলকান্দি গ্রাম পঞ্চায়েতে ১৩ লক্ষ টাকার আর্থিক অনিয়মের অভিযোগে আজ ওই গ্রাম পঞ্চায়েতের সচিব কুলমণি সিংকে গ্রেপ্তার করা হয়েছে । তার বিরুদ্ধে পঞ্চদশ অর্থ কমিশনের ২০২৩-২৪ অর্থবছরের বরাদ্দকৃত অর্থ থেকে বিশাল অঙ্কের টাকা আত্মসাতের অভিযোগ রয়েছে । হাইলাকান্দির বিধায়ক জাকির হোসেন লস্করের গত ২৯শে জুলাই করা এক লিখিত অভিযোগের ভিত্তিতে পুলিশ তদন্ত আরম্ভ করে । পুলিশের তদন্তে প্রাথমিকভাবে অভিযোগের সত্যতা পাওয়া

গেলে অভিযুক্ত সচিবকে গ্রেপ্তার করে আদালতে পেশ করা হয়েছে । এই ঘটনার তদন্ত অব্যাহত রয়েছে বলে উল্লেখ করে পুলিশ এর সঙ্গে জড়িত কারো হদিশ পেলে আরো গ্রেপ্তারের সম্ভাবনা রয়েছে বলে জানিয়েছে ।

---------------------------------------------------------------------------------

ধলাই-র বেসরকারী স্বেচ্ছাসেবী সংগঠন মাতৃভূমির উদ্যোগে আয়োজিত মাতৃভূমি কাপ প্রাইজমানী ফুটবল প্রতিযোগিতার আজকের খেলায় ডিক্রো হসম ক্লাব ৩-০ গোলে খুলিছড়া এফ সি-কে পরাজিত করে ।

বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বহুমূখী বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগিতার আগামীকালের খেলায় ইন্ডিয়ান এফ সি খেলবে জামিরখাল এফ সি-র বিরুদ্ধে ।

---------------------------------------------------------------------------------